

পরিচর্যাকারী ও পরিচর্যাকারীনিদের জন্য বিজ্ঞপ্তি

I. সাধারণ

অভিভাবকত্ব গ্রহণের সাথে আপনি একটি গুরুত্বপূর্ণ নাগরিক দায়িত্ব পালন করলেন। আপনি একটি সম্মানীয় দায়িত্ব নিলেন, যা আপনি সচেতনতা ও দায়িত্বের সাথে নির্দেশিত পরিচর্যার জন্য শুধুমাত্র দত্তকের স্বার্থে পালন করিবেন।

অভিভাবকত্বের আইনের ধারা গুলো নাগরিক আইনের সংকলনের ধারা §§ ১৯০৯ থেকে ১৯২১ পর্যন্ত বর্ণিত আছে।

নাগরিক আইনের সংকলনের ধারার § ১৯১৫ অভিভাবকত্ব আইন বলবৎ বিধান অনুযায়ী এবং নাগরিক আইনের সংকলনের ধারার(§§ ১৭৭৩ থেকে ১৮৯৫ পর্যন্ত) এর যথাযথ প্রয়োগের কথা বলা আছে, সুপারিশ করা হচ্ছে যে এই আইনের ধারা গুলোর সাথে নিজে পরিচিত হওয়া।

পারিবারিক আদালত আপনার কাজ দেখাশুনা করবেন এবং আপনার কাজের সাথে জড়িত সব প্রশ্নের উত্তর দিবেন।

আপনাকে আপনার কাজ সম্পর্কে পারিবারিক আদালতকে যে কোন সময় তাদের চাহিদা অনুযায়ী তথ্য জানাতে হবে।

আপনার কর্তব্যের অবহেলার কারণে যদি নির্দেশিত পরিচর্যার জন্য দায়িত্বপ্রাপ্ত দত্তকের কোন ক্ষতি হয় তার জন্য আপনি দায়ী থাকবেন, প্রথমত যদি আপনি নির্দেশিত পরিচর্যার জন্য দায়িত্বপ্রাপ্ত দত্তকের কর্তব্য বহির্ভূত রক্ষনাবেক্ষনের অথবা অন্য সকল দাবী করেন। এই ঝুঁকির বিরুদ্ধে, আপনি নিজে বীমা করতে পারেন - আপনি এ বিষয় পারিবারিক আদালতের কাছে আরও জানতে পারবেন। আপনাকে নির্দেশিত পরিচর্যার জন্য দত্তকের দায়িত্বপ্রাপ্ত টাকা যেখানে সুদ পাওয়া যায় সেখানে জমা রাখতে হবে, যেটা বর্তমান খরচের জন্য প্রয়োজন পরবে না। বিবেচনায় আসে প্রধানত দত্তকের টাকা রাখার নিশ্চয়তা সম্পন্ন একটি ব্যাঙ্কে দত্তকের ব্লক নোটিশ সমেত সঞ্চয় তহবিলে রাখা, অথবা অন্য কোন ব্যাঙ্কে যেখানে টাকা রাখার নিরাপত্তার ব্যবস্থা আছে অথবা দত্তকের জন্য নিরাপদ বন্ধক অথবা দত্তকের জন্য একটি নিরাপদ ও সুরক্ষিত জায়গায় রাখা। পারিবারিক আদালত আপনাকে অন্য কোন ব্যাঙ্কে, উদ্ধারগণস্বরূপ কোন সুবিধাজনক ব্যক্তিগত মালিকানাধীন ব্যাঙ্কে, জমা রাখার অনুমতি দিতে পারে।

II. শুধু রক্ষনাবেক্ষনের খরচের জন্য

আপনাকে বিশেষ ভাবে এই বিষয় গুলোর প্রতি লক্ষ্য রাখতে হবে যে

১. আপনার কাজ হচ্ছে, প্রথমত সেগুলো দেখতে হবে যে, বাচ্চার ভরণপোষণের দায়িত্বের বাবা বা মা সন্তানের ভরণপোষণের খরচ দেয় কিনা? এ জায়গায় আপনি তাদের কাছে লিখিত ভাবে দাবী করতে পারেন। ভরণপোষণের নীতিমালা নাগরিক আইনের সংকলনের §§ ১৬০১ থেকে ১৬১৫ পর্যন্ত বর্ণিত আছে। রক্ষনাবেক্ষনের খরচ নির্ভর করে বাচ্চার দ্বিতীয় পাতা

জীবনের অবস্থানের উপর এবং এর মধ্যে আছে মূলত তার সমগ্র জীবনের চাহিদা, এর

সাথে আরও আছে বাচ্চার শিক্ষার জন্য খরচ এবং তার পেশাগত কাজ শেখার খরচ। তবে এখানে কোন নির্দিষ্ট পরিমাণ অর্থের অঙ্কের কথা উল্লেখ নাই। ভরণপোষণের দায়িত্বের বাবা বা মা তখনও ভরণপোষণের খরচ দিতে প্রতিশ্রুতবদ্ধ থাকবেন, এমনকি যখন তার নিজের যথাযথ ভরণপোষণের ক্ষেত্রে এর জন্য বিরূপ প্রভাব পরতে পারে। যদি সেটা হয়, তাহলে তিনি তার প্রাপ্তিসাধ্য সমস্ত সম্পদ সমানভাবে তার এবং সন্তানের ভরণপোষণের জন্য ব্যবহার করবেন। তার অবদানের পরিমাণ এই ক্ষেত্রে তার আয়ের অনুপাতের উপর নির্ভর করবে।

২. প্রাপ্ত খোরপোষের জন্য টাকা সম্পূর্ণভাবে নির্দেশিত পরিচর্যার জন্য দায়িত্বপ্রাপ্ত দত্তকের জন্য ব্যবহার করতে হবে।
৩. যদি ভরণপোষণের দায়িত্বের অভিভাবকদের মধ্যে কেও নিজের ইচ্ছায় না দেন, তাহলে আপনি অবশ্যই রক্ষনাবেক্ষনের দাবি, তাদের কে সাবধান বা মনে করিয়ে দেয়ার পর, নির্দেশিত পরিচর্যার জন্য দায়িত্বপ্রাপ্ত দত্তকের নামে আদালতের শরণাপন্ন হতে পারেন। প্রয়োজন অনুযায়ী আপনি এ বিষয় যুব কল্যাণ অফিস অথবা জেলা আদালতে যেতে পারেন, তারা আপনাকে আরও তথ্য জানাতে পারেন, যদিও তাদেরকে আইনি পরামর্শ প্রদান করার অনুমতি দেওয়া হয়নি।

III. শুধুমাত্র অভিভাবকত্বর অনুপস্থিতির ক্ষেত্রে

আপনি পারিবারিক আদালতের দ্বারা নির্ধারিত সীমার মধ্যে অনুপস্থিতির সব আর্থিক বিষয় সে পর্যন্তই অনুপস্থিতির তদারক করবেন যে পর্যন্ত আপনার কার্যকলাপের আওতায় পরে, এবং অনুপস্থিতির প্রতিনিধিত্ব করার অনুমতিপ্রাপ্ত। যদি পরবর্তীতে অনুপস্থিতির বাসস্থানের খোঁজ পাওয়া যায় অথবা যদি অনুপস্থিতির মৃত্যু হয়, তাহলে এই সংবাদ অতি সত্বর পারিবারিক আদালতকে জানাতে হবে।

IV. অভিভাবকত্বের সমাপ্তি

আপনার কাজ শেষ হবে

- ক) আপনার কাছ থেকে পারিবারিক আদালতের অভিভাবকত্ব তুলে নেয়া, এছাড়াও
- খ) একটি অভিভাবকত্বের ক্ষেত্রে - পিতামাতার হেফাজতে অথবা অভিভাবকের অধীনে ব্যক্তি অথবা পিতামাতার কর্তৃত্ব বা অভিভাবকত্ব সমাপ্তির সাথে সাথে,
- গ) একটি অভিভাবকত্ব চলাকালীন সময় সন্তানের জন্মের জন্য দ্রুনের একটি ক্ষেত্রে
- ঘ) একটি অভিভাবকত্বের ক্ষেত্রে পৃথক বিষয় গুলো সম্পন্ন করার জন্য প্রস্তুত থাকা,
- উ) একজন অনুপস্থিতির অভিভাবকত্বের ক্ষেত্রে যখন তার মৃত্যুর আইনি বৈধতার ঘোষণা অথবা মৃত্যুর সময় নির্ধারণ করা সম্পর্কে নিশ্চয়তা থাকবে।